64

দৈনিক ইনকিলাব

16 MAY 199?
তারিখ ... ... ... .. . . . .
পৃষ্ঠা ১২ কলাম ৫

# দলীয়করণের মাধ্যমে ঢাকা ভার্সিটিতে আওয়ামীকরণের পাঁয়তারা চলছে

—ছাত্রদল

জাতীয়তাবাদী ছাত্রদল ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার আহবায়ক নাসিরুদ্দীন আহমেদ অসীম ও যুগ্ম-আহবায়ক সেলিমুজ্জামান সেলিম গত বৃহস্পতিবার এক বিবৃতিতে সরকার পরিবর্তনের পর দলীয় ভিসি ও প্রশাসনের মাধ্যমে ঢাকা বিশ্ববিদ্যালয়ে শিক্ষক নিয়োগ ও পদোন্নতির ক্ষেত্রে দলীয়করণ ও অনিয়মের তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছে। বিবৃতিতে তারা বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয়ে দেশের মেধাবী ও সচেতন ছাত্রসমাজ লেখাপড়া করে। এই বিশ্ববিদ্যালয়ের শিক্ষকগণ হচ্ছেন জাতির বিবেক। কিন্তু আমরা হতবাক ও বিস্মিত হই যখন এই বিশ্ববিদ্যালয়ও দলীয়করণের নগ্নতার থাবায় ক্ষত-বিক্ষত হয়। তারা বলেন, আওয়ামী সরকার ক্ষমতায় আসার পর অত্যন্ত জঘন্য ও নগ্নভাবে দলীয় ভিসি নিয়োগসহ বিশ্ববিদ্যালয়ের সকল স্তরে দলীয়করণের মাধ্যমে বিশ্ববিদ্যালয়কে আওয়ামীকরণের পাঁয়তারা করছে। নেতৃদ্বয় বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের মার্কেটিং বিভাগ ও ইসলামের ইতিহাস বিভাগে সম্প্রতি সম্পূর্ণ অবৈধভাবে নকলের দায়ে অভিযুক্ত ব্যক্তিকে নিয়োগ দেয়া হয়েছে— যা বিশ্ববিদ্যালয়ের ইতিহাসকে কলঙ্কিত করছে। নেতৃদ্বয় বলেন, এইভাবে মেধাহীন, অযোগ্য ও দলীয় লোককে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক নিয়োগের মাধ্যমে বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ব্যবস্থাকে সম্পূর্ণ ধ্বংস করে, এদেশের শিক্ষার্থীদের ভারতমুখী করার চেষ্টা করা হচ্ছে। যার ফলে ঢাকা বিশ্ববিদ্যালয় পরিবার এই নিয়োগের বিরুদ্ধে প্রতিবাদ ও ক্ষোভে সোচ্চার। নেতৃদ্বয় অবিলম্বে এই নিয়োগ বাতিলের আহবান জানান। তারা বলেন, ছাত্রদল কোনভাবেই এই নিয়োগ বরদাস্ত করবে না। যদি অবিলম্বে এই নিয়োগ বাতিল না করা হয়, তাহলে জাতীয়তাবাদী ছাত্রদল সচেতন ও মেধাবী ছাত্র-ছাত্রীদের সাথে নিয়ে এসব অপকর্মের বিরুদ্ধে তীব্র আন্দোলন গড়ে তুলতে বাধ্য হবে। প্রেস বিজ্ঞপ্তি।